

ইউআইইউর সমাবর্তনে শিক্ষামন্ত্রী

মুনাফার জন্য  
পরিচালিত বিশ্ববিদ্যালয়ের  
বিরুদ্ধে ব্যবস্থা

■ সমকাল প্রতিবেদক

মুনাফার লক্ষ্য নিয়ে যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে, সেগুলোর বিরুদ্ধে শিগগিরই আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।

গতকাল মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এ কথা বলেন তিনি। ইউআইইউর আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদে প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তনে সভাপতিত্ব করেন।

সমাবর্তন অনুষ্ঠানে এক হাজার ৪৫২ শিক্ষার্থীকে গ্রাজুয়েশন ও পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি দেওয়া হয়। এ ছাড়া কৃতিত্বপূর্ণ ফলের জন্য ৫ শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন ইউয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। এতে ইউআইইউর উপাচার্য ড. এম রিজওয়ান খান, ইউআইইউর বোর্ড অব ট্রাস্টিজের ডাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান বক্তব্য রাখেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ইউআইইউর বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-কর্মকর্তারা উপস্থিত ছিলেন।